بسم الله الرحمن الرحيم

An encrypted, user friendly **XMPP** instant messaging client optimized for Android

ডাউনলোড, ইন্সটল এবং ব্যবহার পদ্ধতি V2021.1

1. Download Conversations

Conversations দুই পদ্ধতিতে ডাউনলোড করা যেতে পারে।
প্রথম পদ্ধতি- সরাসরি Tor Browser এর মাধ্যমে ডাউনলোড করা।
দ্বিতীয় পদ্ধতি- F-Droid Apps Store থেকে ডাউনলোড

প্রথম পদ্ধতি-

সরাসরি Tor Browser এর মাধ্যমে ডাউনলোড

ক.

আপনার Tor Browser এ গিয়ে Address Bar এ লিখুন- https://f-droid.org/
এবার F-Droid এর অফিশিয়াল ওয়েব সাইটে প্রবেশ করুন।

খ.

[F-Droid](https://f-droid.org) এর অফিশিয়াল ওয়েব সাইটের হোম পেজের একটু নীচের দিকে স্ক্রল করে গেলে **Find Apps** দেখা যাবে। এখানের সার্চ বক্সে (Search Box) **Conversations** লিখে পাশের SEARCH বাটনে ক্লিক করুন।

গ.

সার্চ রেজাল্টে **Conversations** (An encrypted, user friendly XMPP instant messaging client optimized for mobile) নামে একটি App আসবে। সেটাতে ক্লিক করুন।

নীচে সরাসরি লিংক দেয়া হলো-

https://f-droid.org/en/packages/eu.siacs.Conversations/

ঘ.

এবার **Conversations** পেজে স্ক্রল করে নীচের দিকে যেতে থাকলে স্ক্রিনশটের মতো একটি স্থান পাবেন।

DOWNLOAD F-DROID

বাটনের নীচে লেটেস্ট ভার্সনের বিস্তারিত তথ্য থাকবে। এই ফাইলটি তৈরী করার সময় Version 2.9.13+fcr (42015) ছিলো।

এবার নীচের **Permissions** এ ক্লিক করে Permission বিষয়ক তথ্যের লিষ্টটি হাইড করে দিন।

to give you the choice, you should be aware that by installing that way you will not receive update notifications and it's a less secure way to download. We recommend that you install the F-Droid client and use that.

DOWNLOAD F-DROID

Version 2.9.13+fcr (42015) suggested

Added on 2021-05-11

This version requires Android 5.0 or newer.

It is built and signed by F-Droid, and guaranteed to correspond to this source tarball.

▼ **Permissions**

- **modify or delete the contents of your shared storage**
  Allows the app to write the contents of your shared storage.

update notifications and it's a less secure way to download. We recommend that you install the F-Droid client and use that.

DOWNLOAD F-DROID

Version 2.9.13+fcr (42015) suggested

Added on 2021-05-11

This version requires Android 5.0 or newer.

It is built and signed by F-Droid, and guaranteed to correspond to this source tarball.

▶ **Permissions**

Download APK 31 MiB PGP Signature | Build Log

ঙ.

Permissions লিষ্টটি হাইড হলে **Permissions** এর নীচে লেটেস্ট ভার্সনের APK Downolad অপশন পাবেন।

Download APK তে ক্লিক করে লেটেস্ট ভার্সনের APK ডাউনলোড করুন।

নীচে বর্তমান ভার্সনের সরাসরি ডাউনলোড লিংক দেয়া হলো-

https://f-droid.org/repo/eu.siacs.Conversations_42015.apk

চ.

ডাউনলোড Permission চাইলে OK তে ক্লিক করে ডাউনলোড সম্পন্ন করুন। ডাউনলোড সম্পন্ন হলে File Manager এর Download ফোল্ডারে চলে যান।

the F-Droid client and use that.

DOWNLOAD F-DROID

Version 2.9.13+fcr (42015) suggested
Added on 2021-05-11
This version requires Android 5.0 or newer.

device. Do you want to keep eu.siacs.conversations_42015.apk anyway?

Cancel OK

ছ.

Download ফোল্ডারে গিয়ে সবেমাত্র ডাউনলোড করা **Conversations** APK তে ক্লিক করুন।

যদি আপনার Android এ 3rd Party Apps ইন্সটল অনুমোদন (Permission) করা থাকে তাহলে সরাসরি **INSTALL** এ চলে যাবে। সেক্ষেত্রে **INSTALL** এ ক্লিক করে ইন্সটল সম্পন্ন করুন।

আর যদি আপনার Android এ 3rd Party Apps ইন্সটল করার অনুমোদন (Permission) করা না থাকে, তাহলে অনুমোদন করে নিন। এক্ষেত্রে নীচের কাজগুলো অনুসরণ করুন।

জ.

Download ফোল্ডারে গিয়ে **Conversations** APK তে ক্লিক করলে আপনার Android এ 3rd Party Apps ইন্সটল করার অনুমোদন (Permission) করা নেই সেটা দেখাবে এবং পারমিশন দেয়ার জন্য আপনার সামনে **SETTINGS** অপশন দিবে। আপনি **SETTINGS** এ ক্লিক করুন।

Security

Device administrators
View or deactivate device administrators

Unknown sources
Allow installation of apps from unknown sources

Credential storage

Storage type
Hardware-backed

Trusted credentials
Display trusted CA certificates

User credentials
View and modify stored credentials

Install from SD card
Install certificates from SD card

Clear credentials
Remove all certificates

ঝ.

SETTINGS এ ক্লিক করলে আপনাকে Security Settings এ নিয়ে যাবে। আপনি Security Settings এ হাল্কা স্ক্রল করে মাঝের দিকে আসলে **Unknown sources** নামে একটা অপশন বন্ধ থাকা পাবেন। সেটাকে চালু করে দিন। এরপর ব্যাক করে Download ফোল্ডারে ফিরে আসুন এবং Conversations APK ফাইলটিতে ক্লিক করুন।

ঞ.

এবার INSTALL অপশন পাবেন ইনশাআল্লাহ্। INSTALL এ ক্লিক করে আপনার ইন্সটল কার্য সম্পন্ন করুন।

বি. দ্র. উপরোল্লিখিত Android এ 3rd Party Apps ইন্সটলের অনুমোদন (Permission) চালু করার সিস্টেমটি Android 9 ও তার নীচের ভার্সনগুলোর ক্ষেত্রে প্রযোজ্য। Android 10 ও তার উপরের ভার্সনগুলোর ক্ষেত্রে সুরত কিছুটা ভিন্ন হবে। সেক্ষেত্রে একটু খেয়াল করে **Allow from this source** অপশনটি চালু করে দেয়ার অনুরোধ রইলো।

ইনশাআল্লাহ্, উপরোল্লিখত পদ্ধতিতে সরাসরি Tor Browser ব্যবহারের মাধ্যমে খুব সহজেই আমরা নিরাপদ মেসেজিং মাধ্যম **Conversations** ডাউনলোড ও ইন্সটল করতে সক্ষম হবো।

দ্বিতীয় পদ্ধতি-

F-Droid Apps Store থেকে ডাউনলোড

(যারা F-Droid Apps Store সম্পর্কে জানেন না, তারা নীচের লিংক থেকে F-Droid হেল্প ফাইলটি ফলো করুন- https://archive.org/details/f-droid-help)

ক.

Conversations ডাউনলোড করতে সর্বপ্রথম আপনার Apps Store **"F-Droid"** এ যেতে হবে।

এরপর **F-Droid** -এর নীচের ডান দিকে Search Bar বাটনে ক্লিক করতে হবে।

খ.

এবার সার্চ বারে **Conversations** লিখে সার্চ করলে নীচের দিকে **Conversations** নামে একটি App আসবে। সেখানে ক্লিক করুন।

গ.

এবার INSTALL বাটনে ক্লিক করলে তা ডাউনলোড হতে থাকবে।

ঘ.

ডাউনলোড সম্পন্ন হলে Install Permission চাইবে।
আপনি নীচে **INSTALL** এ ক্লিক করে ইন্সটল করে নিন।

আলহামদুলিল্লাহ্, আমরা খুব সহজেই F-Droid Apps Store এর মাধ্যমে নিরাপদ মেসেজিং মাধ্যম Conversations ইন্সটল করতে সক্ষম হলাম।

2. Configure Conversations

ক.

ইন্সটল সম্পন্ন হলে Conversations ওপেন করুন।

খ.

এবার I ALREADY HAVE AN ACCOUNT এ ক্লিক করুন।

গ.

এরপর উপরে ডান দিকের কোণায় থাকা 3 Dot আইকন সম্বলিত অপশনে ক্লিক করুন।

ঘ.

অপশন বারে ক্লিক করলে Settings অপশনটি সামনে আসবে।

Settings এ ক্লিক করে প্রবেশ করুন।

ঙ.

Settings এ গিয়ে আস্তে আস্তে স্ক্রল করে একটু নীচের দিকে গেলেই Dynamic Tags নামে একটি অপশন পাবেন। সেটাতে ক্লিক করে দিন।

চ.

এরপর একদম নীচে চলে আসুন। সেখানে একদম নীচ থেকে দ্বিতীয়তে **Expert settings** শিরোনামে একটি অপশন পাবেন, ক্লিক করে সেখানে প্রবেশ করুন।

ছ.

এবার একটু নীচের দিকে Automatic message deletion অপশন পাবেন। অপশনটিতে ক্লিক করুন।

জ.

এবার একটি লিষ্ট আসবে। এখান থেকে 1 day সিলেক্ট করে দিন।

ঝ.

এবার দুই অপশন নীচে **Connect via Tor** নামে একটি অপশন পাবেন। **Connect via Tor এর চেক বক্সটিতে টিক দিয়ে দিন। Connect via Tor টিক না দিলে আপনার আইডি Tor কানেকশন ছাড়া সরাসরি কানেক্ট হয়ে যাবে। তাই সাবধান!**

কাজটি সম্পাদন করলে আপনার **Conversations** টর নেটওয়ার্কের সাথে কানেক্ট হয়েছে সাব্যস্ত হবে। এখন থেকে **Orbot** কানেকশন ছাড়া আপনার **Conversations** মেসেঞ্জার ইন্টারনেট কানেকশন পাবেনা।

যথাযথভাবে কাজটি সম্পাদন হলে মহান রব্বের শুকরিয়া জ্ঞাপন করুন, এবং ব্যাক করে Add existing Account পেজে ফিরে আসুন।

10:13

Expert settings

Don’t trust system CAs
All certificates must be manually approved

Validate hostname with DNSSEC
Server certificates that contain the validated hostname are considered verified

Allow message correction
Allow your contacts to retroactively edit their messages

Automatic message deletion
Automatically delete messages from this device that are older than the configured time frame.

Remove certificates
Delete manually approved certificates

Delete OMEMO identities
Regenerate your OMEMO keys. All your contacts will have to verify you again. Only use this as a last resort.

Connection

Connect via Tor
Tunnel all connections through the Tor network. Requires Orbot

Extended connection settings
Show hostname and port settings when setting up an account

<u>3. How to Add Your own Account</u>

<u>যেভাবে আপনার পুরাতন একাউন্টটি এড করবেন</u>

ক.

প্রথমে আপনার **Orbot** চালু করে Connected করে নিন। এরপর-

Add existing Account পেজে আসুন, অথবা Conversations হোম পেজে চলে আসুন।

হোম পেজে আসলে নীচের I ALREADY HAVE AN ACCOUNT এ ক্লিক করুন।

এবার Add existing Account পেজে চলে এসেছেন।

খ.

এবার XMPP address বক্সে আপনার একাউন্টটি দিন। অবশ্যই তা সার্ভার এড্রেস সহ দিন। যেমন-

test2019@Conversations.im

এই আইডিটির প্রথম অংশ (অর্থাৎ test2019) ইউজার নেম-UserName হিসেবে ও @ এর পরের অংশটুকু সার্ভার এড্রেস হিসেবে বিবেচিত হয়ে থাকে।

একাউন্ট ও পাসওয়ার্ড দেয়া হলে এবার একদম নীচের ডান দিকের NEXT বাটনে ক্লিক করুন।

উদাহরণস্বরূপ এই স্ক্রিনশটটি দেখুনঃ-

গ.

আপনার একাউন্ট এড্রেস, পাসওয়ার্ড ও **Orbot** Connection ঠিক থাকলে আপনি অল্প কিছুক্ষণের মধ্যে এই পেজে চলে আসবেন।

এবার যদি আপনি আপনার একাউন্টে কোন avatar (প্রোফাইল পিকচার) সেট করতে চান, তবে তীর চিহ্নে দেখিয়ে দেয়া বাটনটিতে ক্লিক করুন এবং আপনার পছন্দের পিকচারটি সিলেক্ট করে দিন। এরপর নীচে ডানদিকের PUBLISH বাটনে ক্লিক করে দিন।

আর কোন avatar সেট করতে না চাইলে সরাসরি নীচের বামদিকে থাকা SKIP এ ক্লিক করুন।

আলহামদুলিল্লাহ্, আমরা খুব সহজেই আমাদের একাউন্টে লগইন করতে সক্ষম হয়েছি। আপনার একাউন্টে যদি কোন আইডির সাথে এড থেকে থাকে, তাহলে **CONTACTS** লিষ্টে সে আইডিগুলো দেখা যাবে। আর কোন আইডি না থাকলে CONTACTS লিষ্ট খালী দেখাবে।

4. How to Create an Account by using Conversations

Conversations দিয়ে যেভাবে একটি একাউন্ট তৈরী করতে পারি

Conversations এ দুইভাবে একাউন্ট তৈরী করা যায়।

এক. Conversations প্রথম শুরু করেই হোম পেজ থেকে একাউন্ট তৈরী করা। এক্ষেত্রে অবশ্যই প্রথমে উপরে উল্লেখিত **Configure Conversations** দিকনির্দেশনা অনুযায়ী Conversations কে Tor এর সাথে কানেক্ট করে নিতে হবে। এবং Orbot চালু করে রাখতে হবে।

দুই. Conversations এ একটি একাউন্ট লগইন থাকা অবস্থায় আরেকটি আইডি Create করা ও এড করা।

পদ্ধতি এক.

ক.

Orbot চালু করা ও Conversations কে Tor এর সাথে কানেক্ট করার পর Conversations এর হোম পেজে যেতে হবে।

অতঃপর CREATE NEW ACCOUNT এ ক্লিক করতে হবে।

খ.

এখানে দুটি অপশন আসবে। প্রথমটি সরাসরি Conversations.im সার্ভার থেকে একাউন্ট তৈরীর জন্য। (উল্লেখ্য যে, Conversations.im এর একাউন্টগুলো প্রথম ছয় মাস ফ্রী সার্ভিসের জন্য। এরপর থেকে সে একাউন্ট ব্যবহার করতে হলে ক্রয় করে নিতে হবে। নতুবা ছয় মাস পর নতুন একাউন্ট বানাতে হবে।)

আর দ্বিতীয়টি হলো XMPP Server সমূহের মধ্য হতে আপনার পছন্দের সার্ভার দিয়ে একাউন্ট তৈরী করার জন্য। তাই আমরা দ্বিতীয় আপশনটিতে যাবো।

অর্থাৎ USE MY OWN PROVIDER এ ক্লিক করবো।

গ.

এবার XMPP address ঘরে আমরা একটি ইউনিক ইউজার নেম ও পছন্দের সার্ভার দিবো। যেমনঃ-

test2001 একটি ইউনিক ইউজার নেম,

আর Creep.im হলো আমার পছন্দের সার্ভার।

অতএব আমার XMPP address টি হবে-

test2001@creep.im

অতঃপর নীচের Password ঘরে একটি মজবুত পাসওয়ার্ড দিবো। এরপর নীচে NEXT এ ক্লিক করবো।

(একটি পাসওয়ার্ড মজবুত হওয়ার জন্য পাসওয়ার্ড যেমন হতে হয়- কমপক্ষে ১২ সংখ্যার, ইংরেজি বড় ও ছোট হাতের অক্ষর সম্মিলিত হওয়া, কমপক্ষে একটি সংখ্যা থাকা ও একটি বিরাম চিহ্ন থাকা।

যেমনঃ 30Kr5j#+'/<kO87)

উদাহরণস্বরুপ এই স্ক্রিনশট টি দেখুন।

Conversations দিয়ে একাউন্ট তৈরী করা যায় এমন কয়েকটি ভালো সার্ভার-

creep.im, Conversations.im, draugr.de, jabb.im, blabber.im, pimux.de ইত্যাদি

আরো বেশকিছু ভালো সার্ভার রয়েছে, যা Conversations দিয়ে একাউন্ট বানানো সম্ভব হয়না। সেগুলোর জন্য Tor Browser ব্যবহার করতে হয়। নীচে XMPP সকল সার্ভার লিষ্টের একটি লিংক দিচ্ছি সেখান থেকে দেখে নিন-

https://list.jabber.at/

ঘ.

এরপর একটি CAPTCHA স্ক্রিন আসবে। ক্যাপচা পূরণ করুন। স্ক্রিনশটে যেভাবে দেখানো হলো। এরপর OK ক্লিক করে অল্প কিছুক্ষণ অপেক্ষা করুন।

ঙ.
এরপর এমন স্ক্রিন আসলে আলহামদুলিল্লাহ্ বলুন।
খুব সফলভাবে আমরা নতুন একটি একাউন্ট বানাতে সক্ষম হলাম।
এবার কোন avatar যুক্ত করতে চাইলে পূর্বোক্ত নিয়ম অনুযায়ী করে নিন। অথবা SKIP করে আপনার একাউন্ট পেজে প্রবেশ করুন।

- আমরা আমাদের নতুন একাউন্টের CONTACTS লিষ্টে এসে পড়েছি আলহামদুলিল্লাহ্!

পদ্ধতি দুই.

ক.

উপরে ডান দিকের কোণায় থাকা 3 Dot আইকন সম্বলিত অপশনে ক্লিক করুন।

খ.

এরপর Manage accounts এ ক্লিক করুন।

গ.

এবার 3 Dot আইকনের পাশে থাকা প্রোফাইল আইকনে ক্লিক করুন।

ঘ.

এবার যথা নিয়মে XMPP address ঘরে আপনার সার্ভার সহ ইউনিক ইউজার নেম দিন। নীচে পাসওয়ার্ড দিন। একাউন্ট নতুন বানানোর সময় অবশ্যই নীচের Register new account on server এ ক্লিক করে দিন। আর একাউন্ট আগের তৈরী হলে এই অপশনে ক্লিক করা থেকে বেচে থাকুন। এবং নীচের NEXT এ ক্লিক করুন। এরপর যথা নিয়মে বাকি কাজ সম্পন্ন করুন!

5. Add Buddy & Accept Buddy

যেভাবে কাউকে এড পাঠাবেন ও কারো এড এক্সেপ্ট করবেন

ক.

যেভাবে এড পাঠাবেনঃ-

- নীচের **+** আইকনে ক্লিক করুন।

- এবার Add contact এ ক্লিক করুন।

- এবার Your account লিষ্ট থেকে যে একাউন্ট দিয়ে এড পাঠাবেন, সেটি সিলেক্ট করে দিন।

এরপর XMPP address ঘরে যে আইডি তে এড পাঠাবেন সে আইডিটি লিখুন।

এরপর নীচে ADD এ ক্লিক করে দিন।

- উদাহরণস্বরুপ এই স্ক্রিনশট টি দেখুন।

- ব্যস, আপনার কাজ শেষ। আপনার একাউন্ট থেকে আপনার সাথীর একাউন্টে এড চলে গেছে। এখন শুধু উনার Add Back এর অপেক্ষা।

খ.

যেভাবে এড এক্সেপ্ট করবেনঃ-

- আপনাকে কেউ এড পাঠালে আপনি একদম উপরে Start Conversations এর পাশে তীর চিহ্নে ক্লিক করুন।

- এবার Conversations ট্যাবে নতুন একটি আইডি দেখতে পাবেন। এটাই আপনার সাথীর আইডি কিনা নিশ্চিত হয়ে নিন। এরপর আইডি তে ক্লিক করে কনভার্সেশনে প্রবেশ করুন।

- কনভার্সেশনে প্রবেশ করলে নীচে ADD BACK একটি অপশন আসবে, সেখানে ক্লিক করুন।

- এড এক্সেপ্ট যথাযথভাবে সম্পন্ন হলে এমন একটি ট্যাব আসবে, যেখানে একাউন্টের নীচে সবুজ বাটনে ONLINE থাকবে।

যথাযথভাবে কাজ সম্পন্ন হলে মহান রব্বের শুকরিয়া আদায় করুন!

(উল্লেখ্য যে, যথাযথভাবে এড আদান-প্রদান তখনই সম্পাদন হবে, যখন এড দাতা ও এড গ্রহীতা এডকালীন সময়ে একই সাথে অনলাইনে থাকবেন।)

6. OMEMO Encryption Enable

Omemo চালু করা

ক.

Conversations এ চ্যাট ইনক্রিপশন ডিফল্টভাবেই **OMEMO** করা থাকে। এরপরও OMEMO Encryption এনাবল করার সিস্টেম দেখানো হলো।

- আপনি চ্যাট উইন্ডো ওপেন করুন। উপরে একটি Lock (তালা) আইকন দেখতে পাবেন। সেখানে ক্লিক করুন।

খ.

Encryption লিষ্ট থেকে OMEMO সিলেক্ট করে দিন।

গ.

এবার মেসেজ করুন। মেসেজের নীচে এই চিহ্নটি সহ মেসেজ সেন্ড হলে বুঝা যাবে যে, আপনার মেসেজটি OMEMO Encryption হয়ে যাচ্ছে।

7. Create & use Private Group Chat by using Conversations

Conversations দিয়ে প্রাইভেট গ্রুপ চ্যাট তৈরী ও ব্যবহার পদ্ধতি

7.1- গ্রুপ চ্যাট তৈরী করা

ক.

Home Page এ নীচের **+** আইকনে ক্লিক করুন।

খ.

লিস্ট থেকে **Create private group chat** এ ক্লিক করুন।

গ.

Account লিস্ট থেকে আপনি যে একাউন্ট দিয়ে গ্রুপ চ্যাট তৈরী করতে চাচ্ছেন, সে একাউন্টটি সিলেক্ট করে দিন।
এবার **Group chat name** বক্সে আপনার নির্ধারণ করা নামটি দিন। এরপর **CHOOSE PARTICIPANTS** এ ক্লিক করুন।

ঘ.

এপর্যায়ে আপনার Conversations এ যতগুলো আইডি লগইন করা আছে, সেগুলোতে যতগুলো একাউন্টের সাথে এড আছে সবগুলো একাউন্ট এখানে শো করবে।
আপনি একাউন্ট লিস্ট থেকে গ্রুপে এড করার মতো নির্দিষ্ট একাউন্ট বা একাউন্টগুলো সিলেক্ট করে নিন।

সাবধান! ভুলে যেন ভিন্ন আইডিতে এড থাকা কাউকে গ্রুপে এড না করা হয়!!

সিলেক্ট করা শেষ হলে নীচের Go বাটনে ক্লিক করুন।
Creating Group chat লেখা এসে কয়েক সেকেন্ড সময় নিবে। এরপর আপনার গ্রুপ চ্যাট তৈরী সম্পন্ন হবে।

7.2- গ্রুপ চ্যাটে OMEMO এর ব্যবহার

ক.

Group chat তৈরী সম্পন্ন হলে আপনাকে সরাসরি চ্যাট রুমে নিয়ে যাওয়া হবে।
আপনি প্রথমে উপরের Lock (তালা) আইকন থেকে আপনার চ্যাটিং ইনক্রিপশন OMEMO সিলেক্ট করে দিন। সাধারণত ডিফল্ট হিসেবে OMEMO ই থাকে।
এরপর মেসেজ বক্সে কোন মেসেজ লিখে Send বাটনে ক্লিক করুন।

HabbatKarrih...

Encrypted with OMEMO

assalamu alaikum

Trust OMEMO Fingerprints

habbatkarrih@chat.sum7.eu

You have already validated this persons fingerprint securely to confirm trust. By selecting "Done" you are just confirming that habbatkarrih is part of this group chat.

hhhgamkjzhkx@xabber.de

You have already validated this persons fingerprint securely to confirm trust. By selecting "Done" you are just confirming that HaBBaT is part of this group chat.

CANCEL DONE

খ.

গ্রুপ তৈরী করার পর প্রথমবার Send বাটনে ক্লিক করলে আপনাকে সরাসরি নিয়ে যাবে Trust OMEMO Fingerprints অপশনে এবং অটোমেটিক গ্রুপে এড থাকা সকল আইডির OMEMO Fingerprints ট্রাস্ট হতে থাকবে।

বি. দ্র. Group Chat এ **OMEMO** Fingerprint গুলো অটোমেটিক **Trust** হওয়ার জন্য শর্ত হলো- **সে গ্রুপে যতগুলো আইডি এড আছে সবগুলোতে OMEMO চালু থাকা। এবং প্রত্যেকে একে অপরের OMEMO Fingerprint ট্রাস্ট করা।** অন্যথায় **Conversations** এ OMEMO Encryption এর মাধ্যমে গ্রুপ চ্যাট সম্ভব হবে না। বরং মেসেজই সেন্ড হবেনা।অতএব, বিষয়টির প্রতি খেয়াল রাখার বিনীত অনুরোধ!

অটোমেটিক সকল OMEMO Fingerprints ট্রাস্ট সম্পন্ন হলে নীচে **DONE** অপশনটি শো করবে। DONE করুন।

গ.

এবার OMEMO এর মাধ্যমে গ্রুপে মেসেজ আদান-প্রদান হবে ইনশাআল্লাহ্! মেসেজ সেন্ডের সাথে যদি OMEMO Verified চিহ্ন থাকে, তাহলে বুঝবেন যে আপনার মেসেজগুলো OMEMO Enryption এর মাধ্যমে আদান-প্রদান হচ্ছে আলহামদুলিল্লাহ!

গ্রুপে এড থাকা প্রতিটি আইডির ক্ষেত্রেই প্রথমবার মেসেজের সময় এমন অবস্থার সম্মুখীন হতে হবে এবং উপরোক্ত নিয়মে কাজগুলো আঞ্জাম দিতে হবে।

7.3 গ্রুপ চ্যাট ডিলিট (Destroy) করা

ক.

Admin ID দিয়ে চ্যাট রুমের উপরে ডান দিকের কোণায় থাকা 3 Dot সম্বলিত **Options** আইকনে ক্লিক করুন।

খ.

অপশন লিস্ট থেকে **Group chat details** এ ক্লিক করে গ্রুপ চ্যাট সেটিংসে প্রবেশ করুন।

গ.

গ্রুপ চ্যাট সেটিংসের উপরে ডান দিকের কোণায় থাকা 3 Dot সম্বলিত **Options** আইকনে ক্লিক করুন।

ঘ.

লিস্ট থেকে Destroy group chat এ ক্লিক করুন।

ঙ.

গ্রুপ চ্যাট ডিলিট কনফার্ম করতে এবার OK তে ক্লিক করুন। ব্যস, আপনার গ্রুপ চ্যাট ডিলিট হয়ে যাবে ইনশাআল্লাহ্।

চ.

গ্রুপ চ্যাট ডিলিট (Destroy) সম্পন্ন হলে আপনাকে চ্যাট রুমে নিয়া আসা হবে। নীচে **LEAVE** অপশন দেখাবে। **LEAVE** এ ক্লিক করে ডিলিট হওয়া গ্রুপ থেকে বের হয়ে আসুন।

এভাবে গ্রুপে এড থাকা প্রতিটি আইডি থেকে চ্যাট রুমে গিয়ে **LEAVE** করে নিতে হবে।

8. Delete Your Account from Conversations

Conversations থেকে নিজ একাউন্ট ডিলেট করা

ক.

উপরে ডান দিকের কোণায় থাকা 3 Dot চিহ্নের অপশন আইকনে ক্লিক করুন।

খ.

এরপর Manage accounts এ ক্লিক করুন।

গ.

এবার নির্দিষ্ট একাউন্টটি তে চেপে ধরুন। তাহলে একটি লিষ্ট ওপেন হবে। লিষ্টের শেষে Delete account নামে একটি অপশন পাবেন। সেখানে ক্লিক করুন।

ঘ.

এবার DELETE এ টাচ করুন।

ঙ.

আলহামদুলিল্লাহ্, আমরা খুব সহজেই নির্দিষ্ট একাউন্টটি Conversations থেকে ডিলিট করতে সক্ষম হলাম।

আর সমস্ত প্রশংসা বিশ্বজগতের মহান প্রতিপালকের জন্যই!

আপনাদের নেক দোয়ায় আমাদের স্মরণ রাখার আবেদন!